

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
তিতাস, কুমিল্লা।
“ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি”

এতদ্বারা কুমিল্লা জেলার তিতাস উপজেলার ৩ নং বলরামপুর ও ৯ নং মজিদপুর ইউনিয়নের সকল ব্যবসায়ী, ব্যক্তি, প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার ইউনিয়ন পর্যায়ে হতদরিদ্রদের মধ্যে নির্ধারিত মূল্যে কার্ডের মাধ্যমে খাদ্যশস্য বিক্রির নিমিত্তে তিতাস উপজেলার নিম্নবর্ণিত ২টি ইউনিয়নে ২ জন ডিলারের ডিলারশিপ বাতিল হওয়ায় উক্ত ডিলারগণের শূন্য স্থানে ডিলার নিয়োগ করা হবে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী ২৩/০১/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা এর বরাবর আবেদনপত্র জমা দিতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	বাজার/কেন্দ্র	ডিলার সংখ্যা	মন্তব্য
০১	৩ নং বলরামপুর	বাজার	০১টি	১ (এক) জন
০২	৯ নং মজিদপুর	বাজার	০১টি	

ডিলার হিসেবে আবেদনপত্র দাখিলের যোগ্যতা:

- ১। বাংলাদেশের জাতীয় পরিচয়পত্রধারী স্থায়ী নাগরিক।
- ২। দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে ও ১৫ (পনের) মেঃটন চাল/গম সংরক্ষণের উপযোগী হতে হবে।
- ৩। খাদ্য বিভাগ কর্তৃক শাস্তিপত্র/কালো তালিকাভুক্ত/বাতিল ও সাময়িকভাবে বরখাস্তকৃত ব্যক্তি ডিলার নিয়োগের জন্য আবেদন করতে পারবে না।
- ৪। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক ডিলার হতে পারবে না।
- ৫। ডিলারকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে।
- ৬। কোন সরকারী কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।

আবেদনপত্রে সংযুক্ত কাগজপত্র:

- ১। আগ্রহী প্রার্থীদেরকে তাদের নিজস্ব লেটার হেড প্যাডে/সাদা কাগজে আবেদনপত্র দাখিল করতে হবে।
- ২। আবেদনপত্রের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ৩। ইউনিয়নের বাজারের মধ্যে দোকান আছে প্রমাণ স্বরূপ দোকানের চুক্তিনামা/মালিকানার প্রমাণপত্র।
- ৪। স্থানীয় লাইসেন্সের সত্যায়িত কপি।
- ৫। জাতীয়তা সনদপত্র/আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি।

শর্তাবলী:

- ১। নিয়োগ প্রাপ্তির পর উখানি, তিতাস, কুমিল্লা বরাবরে ২০,০০০/- (বিশ হাজার) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে অর্ডার জামানত হিসেবে জমা রাখতে হবে।
- ২। নিয়োগ প্রাপ্তির পর ডিলারকে ৩০০/- (তিনশত) টাকা নন জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকার নামা প্রদান করতে হবে।
- ৩। সরকারি ফি জমা পূর্বক খাদ্য বান্ধব ডিলারশিপ লাইসেন্স গ্রহণ করতে হবে।
- ৪। ডিলারকে খাদ্য বান্ধব কর্মসূচীর নীতিমালা/২০১৭ মেনে চলতে হবে।

উপরোক্ত শর্তাবলী ছাড়াও সরকারী যে কোন শর্তাবলী ডিলারকে অনুসরণে বাধ্য থাকতে হবে।


২০.১.২২

(এ.টি.এম. মোর্শেদ)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

খাদ্য বান্ধব কর্মসূচী

ডিলার নিয়োগ ও বাতিল কমিটি
তিতাস, কুমিল্লা।

স্মারক নং-১৩.০৩.১৯৯৪.০০১.৫৭.০০২.১৬-০ন

তারিখ: ২০/০১/২০২২খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-০২।
- ২। জেলা প্রশাসক, কুমিল্লা।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা।
- ৪। উপজেলা চেয়ারম্যান, তিতাস, কুমিল্লা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, তিতাস, কুমিল্লা।
- ৬। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ, তিতাস উপজেলা।
- ৭। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তিতাস, কুমিল্লা ও অত্র দপ্তর।
- ৮। অফিস কপি।


২০/১/২০২২
(আরিফ মোহাম্মদ)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও সদস্য সচিব
খাদ্য বান্ধব কর্মসূচী
তিতাস, কুমিল্লা।